



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-৩ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০০.১৬.০০১.২১-১৩৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রতি বছরের ন্যায় ২০২০-২০২১ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে ২০২০-২০২১ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম আপলোড করা হয়েছে। [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd) এর ফরম লিংক থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করা যাবে। উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শনক্রমে মূল্যায়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আগামি ২৩/০৯/২০২১ তারিখের মধ্যে প্রতিস্বাক্ষরক্রমে এ বিভাগে প্রেরণ করা প্রয়োজন। উল্লেখ্য, কারিগরী ত্রুটির ফলে ফরম ডাউনলোড করা সম্ভব না হলে নির্ধারিত ফরমের হার্ডকপি ফটোকপি করে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা যাবে।

এমতাবস্থায়, আপনার জেলার উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় সংখ্যক ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম সরবরাহের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম এর হার্ডকপি এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। আগামি ২৩/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে আপনার জেলার সকল ইউনিয়ন পরিষদের মূল্যায়িত প্রতিবেদন প্রতিস্বাক্ষরপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : ২০২০-২০২১ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম ৬ (ছয়) ফর্দ।

৩১-৮-২০২১

শিপ্রা দত্ত

সিনিয়র সহকারী সচিব

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.১০০.১৬.০০১.২১-১৩৭/১(৯৪০)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)। [স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইট ([www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)) এর ফরম লিংক) থেকে নির্ধারিত ফরম ডাউনলোড পূর্বক স্ব স্ব অধিক্ষেত্রের ইউনিয়ন পরিষদসমূহ সরেজমিনে পরিদর্শনক্রমে মূল্যায়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক জেলা প্রশাসক এর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ